## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত

**শিরোরোগান্তক তৈল**

ও

**শিরোরোগান্তক ঔষধ**

ঊর্দ্ধশ্লেষ্মাজনিত মাথা ভার, মাথা কামড়ান এই তৈল ও ঔষধব্যবহারে প্রশমিত হয়। মূল্য তৈল এক শিশি ২॥০ টাকা ঔষধ ২ সপ্তাহ ১৲ টাকা।
চ্যবনপ্রাশ /১ সের (৮০ তোলা) ১০৲ টাকা
মকরধ্বজ ১ তোলা ৮৲ টাকা।

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৬শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৮ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫৬ ইংরাজী 1st June 1949 { ৩য় সংখ্যা

সাবানের সেরা

## রায়সন সাবান

ব্যবসাদারদের জন্য বিশেষ ব্যবস্থা আছে।
পরীক্ষা প্রার্থনীয়।

বিনীত—
রায়সন কেমিক্যাল কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## বরফ

বাজারে বাহির হচ্ছে
স্থানীয় এজেন্সীর
ও
অন্যান্য সর্ত্তাবলীর জন্য
খোঁজ লউন।

বিনীত—
বহরমপুর আইস্ কোং
খাগড়া
(পুরাতন পোষ্ট অফিসের গলি)

## ১৯০৭—১৯৪৭

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষা 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

| | | |
|---|---|---|
| নূতন বীমা | ... | ১২ কোটি ৩১ লক্ষ টাকার উপর |
| মোট চল্‌তি বীমা | ... | ৫৫ ,, ৬৩ ,, ,, ,, |
| প্রিমিয়ামের আয় | ... | ২ ,, ৬১ ,, ,, ,, |
| বীমা তহবিল | ... | ১০ ,, ৬৩ ,, ,, ,, |
| মোট সংস্থান | ... | ১১ ,, ৬৪ ,, ,, ,, |
| দাবী শোধ [১৯৪৭] | ... | প্রায় ৫৪ লক্ষ টাকা |

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৮ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৫৬ সাল

## আইনের ধারা ও নয়নের ধারা

—:*:—

রাজ্যে সুশাসন প্রচলন জন্য যে সকল নিয়ম প্রণয়ন করা হয়, তাহার নাম আইন; আর সেই আইনের অন্তর্গত এক একটী বিধিকে আইনের ধারা ( সেক্সন ) বলে।

রাজদ্বারে কোন প্রতিকারপ্রার্থী আবেদন করিলে, বিচারক তাহার বিচার কার্য্য আইনের ধারার বিধান অনুসারে করিয়া থাকেন। যে সমস্ত দীন ব্যক্তির রাজদ্বারে উপস্থিত হইয়া, অভিযোগ জ্ঞাপন করিবার শক্তি না থাকে বা রাজদ্বারে সুবিচার প্রাপ্ত না হয়, তাহারা দীনবন্ধু ভগবানের দরবারে সজল চক্ষে কাতরভাবে অভিযোগ জ্ঞাপন করে। রাজদ্বারের শুল্কভোগী বিচারক প্রমাণ প্রয়োগ গ্রহণ করিয়া, আইনের ধারা অনুসারে বিচার করিয়া থাকেন। দীন ব্যক্তির বিচারক দীনবন্ধুকে সাক্ষ্য প্রমাণ কিছুই লইতে হয় না, তিনি স্বয়ং দীনের নয়ন ধারা দেখিয়া বিচার করিয়া থাকেন। রাজদ্বারের বিচারকের রায়ের বিরুদ্ধে উচ্চতর বিচারালয়ে আপীলের ব্যবস্থা আছে। দীনবন্ধু ভগবানের বিচারের বিরুদ্ধে আপীল নাই। মানুষ বিচারক তাঁহার বিচারে ভুল করিয়া কোনও অপরাধীকে অব্যাহতি দিলেও, অপরাধীর ভগবানের সুবিচারে একদিন দণ্ড পাইতে হইবেই।

স্বাধীন ভারতের নিয়ামকগণ অস্পৃশ্যতা দূরীকরণ জন্য আইন প্রণয়ন করিয়াছেন। মানুষ মানুষকে স্পর্শ করিবে না—এই ব্যবহার যতই শাস্ত্র-সম্মত হউক না কেন, প্রকাশ্যে একজনকে এত তুচ্ছ বা অবহেলা করা যে নিষ্ঠুর পদ্ধতি, তাহাতে সন্দেহ নাই। আইনের গুঁতোর চোটে অস্পৃশ্যকে স্পৃশ্য করা হইতেছে, কিন্তু গরজের গুঁতোও আইনের গুঁতোর চেয়ে কোন দিনই কম নয়। জন্ম হইতে মৃত্যু পর্য্যন্ত গরজও বড় কম আসে না। আমাদের এতদঞ্চলে আঁতুরে ধাত্রীর কাজ করে রবিদাস ( মুচি ) জাতীয়া ধাই-মায়েরা। সাধারণতঃ পুরুষ অপেক্ষা মেয়েদেরই ছুঁচিবাই বেশী। প্রসব বেদনার মত বেদনায় মায়েরা যখন অস্থির, তখন তাঁর আত্মীয়ারা এই ছুঁচিবাই-এর জন্যই কেহ তাঁহাকে স্পর্শ করে না। এই অসহ্য বেদনার সময়, তাঁহার সহজ অবস্থার অস্পৃশ্যা মুচি-বউ তাঁহার সকল কষ্টের লাঘব করিয়া, তাঁহার নবজীবন দান করেন, বলিলেও অত্যুক্তি হয় না। এই ধাই-মা মুচি-বউ পা' দিয়ে গর্ভিণীর কোমর দাবিয়া দেন। তাঁকে ছুঁয়ে খাবার খেতে হয়। এই নীচ জাতীয়া রমণী ভিন্ন গত্যন্তর নাই। তারপর যখন আঁতুর হইতে বাহির হইয়া, ক্ষৌরী হইয়া, গঙ্গা স্নান করিয়া, খোকাকে কোলে লইয়া আত্মীয়াদের সমপর্য্যায়ভুক্তা হন, তখন ধাই-মা বাড়ী আসিলে, এই খোকার মা তাকে বলে —দেখ ধাই-মা, তোমার পিছন দিকে ঝাঁটা গাছটা আছে, যেন ছোঁয়া যায় না। ধাই-মা সন্তর্পণে নিজের আঁচল গুটাইয়া সরিয়া বসেন। ধাই-মা কাজের বেলায় স্পৃশ্যা, কাজ ফুরালেই অস্পৃশ্যা। ধাই-মা নীরবে সইলেন, তাঁর নয়নের ধারা শ্রীভগবান্ দেখিলেন কি না তা তিনিই জানেন। ধাই-মা বাবুদের ছেলের নাম শুনিয়া নিজের ছেলের নাম রাখিলেন দেবদাস। বাবু নিজের ছেলেকে ডাকেন দেবু বলে' আর ধাই-মার ছেলেকে বলেন—দেবা চামার। আজ যাঁরা আইনের সুবিধা হাতে ক'রে কোনও মতলব নিয়ে অস্পৃশ্যদের মুরুব্বি সাজিয়াছেন—তাঁহারা যদি কখনও অটলা হাড়ী, পেমা ডোম, বিন্দে চামার বলিয়া থাকেন, দশের সামনে প্রকাশ্যভাবে ক্ষমা চান।

ভটচায্যি মশায়, পুষ্পচয়ন করিয়া সাজি হস্তে পথে বঙ্কা হাড়ীর ছেলে গোপলাকে ছোঁয়া যেতেই ফুলগুলি সব ফেলে দিলেন। দুর্গাপূজার সময় এই শুদ্ধাচারী ভটচায্যি মশায় বলেন—বাবা বঙ্কু! বড় দীঘি হতে পদ্মফুল কটা তুলে আনো বাবা, মায়ের চরণে অঞ্জলি দিব। বঙ্কু ফুল এনে দিল, কিন্তু মনে মনে এটা বেশ বুঝলো—বড় দীঘির কুমীরের খাতিরেই আজ বঙ্কা হাড়ী বঙ্কু হলো, মায়ের পূজার ফুলও ছুঁতে পেলো। বঙ্কুর স্বজাতিবর্গ বা তাহার সমপর্য্যায়ভুক্ত ভূতপূর্ব্ব অস্পৃশ্যগণ এখনও মাঝে মাঝে বেশ উপভোগ করেন যখন উচ্চ বর্ণের মুরুব্বিরা তাঁদের মড়া মা, মড়া বাবাকে চাটাই জড়া অবস্থায় চার জনে কুঁথ্‌তে কুঁথ্‌তে রঘুনাথগঞ্জের ঘাটে নিয়ে যায়, তবুও বঙ্কুর মত লোককে ছুঁতে দেয় না। এঁদের এত দিনের এত প্রকারের তাপিত প্রাণ নাপিত পেয়ে শীতল হবে কি? নাপিত দিয়ে কামাইবার ব্যবস্থা কিঞ্চিৎ কামাইবার বা ভোট টোট কিছু চাইবার পূর্ব্বরাগ বলিয়া সন্দেহ না করিলে হয়।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই জুন ১৯৪৯

১৯৪৮ সালের ডিক্রীজারী

৬৯ মনি ডিঃ কালীকুমার মুখোপাধ্যায় দেং তপেশচন্দ্র দাস ওরফে তপেন্দ্রনাথ দাস দাবি ৪৭।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দেউলী ২০-৫ শতকের কাত ৪৪৵৩ আঃ ৪০৲ খং ২৬৮

৭১ খাং ডিঃ ঐ দেং ত্রিভঙ্গিনী দাসী দাবি ৪৭।৵৯ মৌজাদি ঐ ২০-৫ শতকের কাত ৪৪৵৩ আঃ ৪০৲ খং ২৬৮

১৯৪৯ সালের ডিক্রীজারী

২৭০ খাং ডিঃ কণিকারাণী দেবী দেং নুরমহম্মদ দাবি ৪৯৵৯ থানা সুতী মৌজে লক্ষ্মীনগর ২-১১ শতকের কাত ৬।।১০ আঃ ২৫৲ খং ৫২ রায়ত স্থিতিবান

৯৫ খাং ডিঃ প্রশান্তকুমার রায় নাঃ দিং পক্ষে অলি মাতা কৃষ্ণকনক রায় দেং রেফাত সেখ দিং দাবি ১৭৲ থানা সুতী মৌজে হিলোড়া ৪৯ শতকের কাত ১।১ আঃ ৫৲ খং ৫৬৬

৯৭ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং বঙ্কিমচন্দ্র দাস দিং দাবি ৩১।/৩ থানা সুতী মৌজে চাঁদপুর ২-১ শতকের কাত ২৮/৫ আঃ ১০৲ খং ২৯

১ মনি ডিঃ আশুতোষ সিংহ দেং হরেন্দ্র-নারায়ণ দাস দাবি ২০৵৯ থানা সুতী মৌজে ভাবকী ২-৪ শতকের ¼ অংশের কাত ৭৮।।৩।০ আঃ ১০৲ খং ৪০৩

২ মনি ডিঃ ঐ দেং গৌরচন্দ্র দাস দাবি ২০।/৯ মৌজাদি ঐ ২-৪ শতকের ¼ অংশের কাত ৭৮১০ আঃ ১০৲ খং ৪০৩

৩ মনি ডিঃ ঐ দেং অশ্বিনীকুমার দাস মৃত।স্তে ওয়ারিশ পুত্র সুশঙ্ক দাস দিং নাঃ

পক্ষে অলি মাতা ও স্বয়ং সুবর্ণ দাসী দাবি ২২৫৬ মৌজাদি ঐ ২-৪ শতকের ১/২ অংশের কাত ৭৸১০ আঃ ১০৲ থং ৪০৩

৪ মনি ডিঃ ঐ দেং জগন্নাথ দাস মৃতান্তে ওয়ারিশ পুত্র বিজয়কুমার দাস নাঃ পক্ষে অলি মাতা ও স্বয়ং দুলালী দাসী দাবি ২২৫৬ মৌজাদি ঐ ২-৪ শতকের ১/২ অংশের কাত ৭৸১০ আঃ ১০৲ থং ৪০৩

৩ অন্য ডিঃ সরোজমোহন চট্টোরাজ দেং রাধাপদ মুখোপাধ্যায় দাবি ১৫।৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইস্কা ১-১৯ শতক নিষ্কর আঃ ৫৲ থং ৩০ মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী ব্রহ্মোত্তর উক্ত জমি মধ্যে দেন্দারের ৪ শতক জমি নিলাম হইবে। ২নং লাট মৌজাদি এ ৩-১৬ শতক নিষ্কর জমি মধ্যে দেন্দারের ১১৸ শতক নিলাম হইবে আঃ ৫৲ থং ৬১ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ২২ শতক জমি মধ্যে দেন্দারের ৩ শতক নিলাম হইবে আঃ ২৲ থং ৪৬ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১৫ শতক জমি মধ্যে দেন্দারের ৩৸০ শতক নিলাম হইবে আঃ ২৲ থং ৪৫ ঐ স্বত্ব ৫নং লাট মৌজাদি ঐ ৮ শতকের কাত ২৵০ তন্মধ্যে দেন্দারের ২ শতক জমি নিলাম হইবে আঃ ২৲ থং ৪৮ রায়ত স্থিতিবান

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ২০শে জুন ১৯৪৯

### ১৯৪৮ সালের ডিক্রীজারী

৪৪৭ থাং ডিঃ মাতয়ালি জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং দুর্গা মাঝি দাবি ৫৭/০ থানা ফরক্কা মৌজে লক্ষ্মীপুর ৩-১০ শতকের কাত ৮৷৴৯ আঃ ২৫৲ থং ৪৭

৩৯ স্বত্ব ডিঃ যোগীন্দ্র মহলাদার দিং দেং হকতুল সেখ দিং দাবি ৬২।৶৩ থানা সাগরদীঘি মৌজে মানগ্রাম ১-৩৬ শতকের কাত ৩৸০ আঃ ৫০৲ থং ৬৫১

৬১৭ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং নকুল মণ্ডল দাবি ৩৩৸/৯ থানা ফরক্কা মৌজে পরাণপাড়া ৮২ শতকের কাত ৯৷০ আঃ ১০৲ থং ১২৫০

৬১৮ থাং ডিঃ ঐ দেং ক্ষিতিশচন্দ্র সরকার দাবি ১৮৷৶৬ মৌজাদি ঐ ৩৩ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ১২৫২

### ১৯৪৯ সালের ডিক্রীজারী

১০৯ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দিং দেং জগবন্ধু সিংহ দাবি ৬১৸৬ থানা সমসেরগঞ্জ মৌজে মালঞ্চা ১-২৫ শতকের কাত ৯৵১৩৷ আঃ ২৫৲ থং ৪৬২

১৮ থাং ডিঃ বাগচী এষ্টেটের কমন ম্যানেজার রণেন্দ্র-নারায়ণ বাগচী দেং ইয়াদ হোসেন সেখ দাবি ৪০৷/৮ থানা সাগরদীঘি মৌজে নানচ ১-১৭ শতকের কাত ৫।/০ আঃ ৩০৲ থং ৩০ রায়ত স্থিতিবান

১২৯ থাং ডিঃ ঐ দেং সূর্য্যবালা দাসী দাবি ২১।৩ থানা ঐ মৌজে চাঁদপাড়া ৪-১ শতকের কাত ১০৷৶০ আঃ ১০৲ থং ৭৫৩

১৩০ থাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং অমূলকচাঁদ কুমটজী দাবি ১৬৫৸/৯ থানা সাগরদীঘি মৌজে ব্রাহ্মণীগ্রাম ১-৬০ শতকের কাত ৪৸/০।৶ ছটাক চাউল আঃ ৫০৲ থং ৩৪৯

১৩১ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং ইমরান সেখ দাবি ৪১৸৵৬ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ৪-৪ শতকের কাত ৬।৵৬ আঃ ২৫৲ থং ১৩৩

১৩২ থাং ডিঃ এ দেং আশুতোষ সিংহ দাবি ৩৪৷৯ মৌজাদি এ ১ ৮৩ শতকের কাত ৬।৪ আঃ ৮৲ থং ২৪৮

১৩৩ থাং ডিঃ এ দেং ইন্দ্রনারায়ণ সিংহ দাবি ১৫৶৬ মৌজাদি ঐ ১১ শতকের কাত ১৵২ আঃ ৮৲ থং ৯৫

১৩৪ থাং ডিঃ এ দেং শিশিরকুমারী দেবী দাবি ৩৮৷/৯ মৌজাদি এ ২-৩৫ শতকের কাত ৫৸/০ আঃ ২০৲ থং ২৪৭ অধীনস্থ থং ৯০০, ৯০১

১০১ থাং ডিঃ কমলারঞ্জন ধর এষ্টেটের ট্রাষ্টি রাখহরি ভদ্র দেং পঞ্চানন মুখোপাধ্যায় দাবি ২৬।/০ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ৮৪ শতকের কাত ৩।৵১৫ আঃ ১৬৲ থং ৮৮৭ রায়ত স্থিতিবান

১১০ থাং ডিঃ এ দেং সুরেন্দ্রনারায়ণ রায় দিং দাবি ৬৬/৬ থানা এ মৌজে বিষ্ণুপুর ২-৬৬ শতকের কাত ১০৵.৫ আঃ ৫০৲ থং ৩৪১ এ স্বত্ব

৯২ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং জগন্নাথ সাহা দিং দাবি ১১।/৬ থানা সমসেরগঞ্জ মৌজে নিমতিতা ১০ শতকের কাত ৷৵১০ আঃ ৫৲ থং ৪১ রায়ত স্থিতিবান

৯৫ থাং ডিঃ ঐ দেং উম্মু সেখ দিং দাবি ৪৯৸৶০ থানা ঐ মৌজে মহিষাস্থলি ২১ শতকের কাত ২/৭ আঃ ৫৲ থং ২০৯ রায়ত স্থিতিবান

২৮ থাং ডিঃ সেবাইত লক্ষ্মীনাথ লালা দেং রামশশী মণ্ডল দিং দাবি ৩২৷৬ থানা সাগরদীঘি মৌজে খৈরাটি ২০ শতকের কাত ২।৯ আঃ ৫৲ থং ২৯০

৪১ মনি ডিঃ শৈলজাসুন্দরী দাসী দেং কৃষ্ণগোপাল দাস দিং দাবি ১১/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে উত্তর রমনা ১-৭০ শতক নিষ্কর জমি আঃ ৫৲ থং ৪৮।৪৯ চিরস্থায়ী নিষ্কর ২ নং লাট থানা সাগরদিঘী মৌজে সের ৩৬ শতক নিষ্কর জমি আঃ ৩৲ থং ৪৫৫

১৩৫ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং মদনমোহন মিশ্র দাবি ৫০।/৩ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড়া ১-৮৫ শতকের কাত ৫৷৶০ আঃ ২৫৲ থং ৫১৩ রায়ত স্থিতিবান

১৩৬ থাং ডিঃ ঐ দেং তরঙ্গিনী দাসী দাবি ১১।৵৩ থানা ঐ মৌজে নবীননগর ১৪ শতকের কাত ৸৵৭ আঃ ৫৲ থং ১৬৫ রায়ত স্থিতিবান

৪৬ থাং ডিঃ সেবাইত রাজা ভূপেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর বি-এ দেং আবদুল রহমান বিশ্বাস দাবি ২৪৷/৬ থানা সমসেরগঞ্জ মৌজে মালঞ্চা ১-৬ শতকের সেস ।৵৩ আঃ ১৫৲ থং ২০৫ অধিনস্থ থং ২০৬, ২০৭ নিষ্কর স্বত্ব

৪৭ থাং ডিঃ ঐ দেং কৃষ্ণলাল সিংহ দাবি ৩৭।৩ থানা ঐ মৌজে ফুলন্দর ৩-৯৯ শতকের সেস ১।৯ আঃ ২৫৲ থং ৩২ ঐ স্বত্ব

৭০ থাং ডিঃ সেবাইত শিবকিঙ্কর শর্ম্মা মহান্ত দেং নিয়াজুদ্দিন বিশ্বাস দাবি ৭৸৯ থানা সমসেরগঞ্জ মৌজে বলবলপাড়া ১৭ শতকের কাত ।৶৬। আঃ ২৲ থং ৩৯৫

১৩৭ থাং ডিঃ বিশ্বেশ্বর নরসুন্দর দিং দেং শান্ত কর্ম্মকার দিং দাবি ১৪৸৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে উত্তর ভবানীপুর ৯ শতকের কাত ১৷০ আঃ ৫৲ থং ২৫৭

১২৭ থাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং শচীন দাস দিং দাবি ১১।৵৩ থানা ফরক্কা মৌজে বৈকুণ্ঠপুর ১৩ শতকের কাত ৸০ আঃ ৫৲ থং ৮৮ রায়ত স্থিতিবান

১২৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৶৯ মৌজাদি ঐ ৪৪ শতকের কাত ১।০ আঃ ১০৲ থং ১৯

১ স্বত্ব ডিঃ রাজেন্দ্রনারায়ণ সাহা দেং শৈলবালা দেবী দিং দাবি ৭৩।/০ থানা সমসেরগঞ্জ মৌজে লস্করপুর ৭৪ শতকের কাত ২।/৬ আঃ ৫০৲ থং ৪৩১

২২ ছোট ডিঃ দি প্রভিন্সিয়াল গবর্ণমেণ্ট অব ওয়েষ্ট বেঙ্গল দেং মকবুল সেখ দিং দাবি ১৪।৶৬ থানা সাগরদিঘী মৌজে রমনা সেখদিঘী ৪ শতকের কাত ।৵০ আঃ ৪৲ থং ৪৯৩

[ পর পৃষ্ঠা দেখুন ।

( পূর্ব্ব পৃষ্ঠার জের )

১৯৪৮ সালের ডিক্রীজারী

২৭০ থাং ডিঃ মহাম্মদ মোহাশেন আলি দিং দেঃ কেওয়াতন বিবি দিং দাবি ১৯৲ থানা সাগরদিঘী মৌজে বিনোদবাটী ১৬ শতকের কাত ১৲ আঃ ৪৲ থং ৪২

৫৭৪ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং ফেকনি মণ্ডলানী দাবি ১৯।৴০ থানা সমসেরগঞ্জ মৌজে মহাদেবনগর ১২ শতকের কাত।৵৫। আঃ ৫৲ থং ২৫১।২৫২

৫৮১ থাং ডিঃ ঐ দেং রাতু বেওয়া দাবি ২৪৷৷০ থানা ঐ মৌজে রতনপুর ৩৩ শতকের কাত ৫৲

---


হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।


---


মেট্রোপলিটন

ইন্সিওরেন্স কোং লিঃ

হেড অফিস—১১, ক্লাইভ রো


ক লি কা তা

এজেণ্ট চাই

জঙ্গীপুরের পল্লী অঞ্চলের জন্য

অনুসন্ধান করুন।

শ্রীদুঃখভঞ্জন সান্যাল।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পাণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত